দৈনিক ইত্তেফাক

৪

তারিখ SEP. 09 1999
পৃষ্ঠা ৬ কলাম ৬

# রংপুরে প্রাথমিক শিক্ষার মান নিম্নমুখী

রংপুর সংবাদদাতা ॥ এই জেলার ৮টি থানায় সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষার মান দিন দিন নিম্নমুখী হইতেছে। এইসব স্কুলে প্রয়োজনের তুলনায় শিক্ষক-শিক্ষিকার সংখ্যা অনেক কম। তাহাদের অনুপস্থিতিও প্রায় নিয়মিত। এইসব স্কুলে দুই শিফটে পাঠদানের নিয়ম থাকিলেও বাস্তবে তাহা হইতেছে না।

বেশিরভাগ স্কুলে নলকূপ নাই। ছাত্র-ছাত্রীদের বসিবার জন্য প্রয়োজনীয় বেঞ্চ নাই। ২০ শতাংশ স্কুলে

(৮ম পৃঃ দ্রষ্টব্য)

## রংপুরে প্রাথমিক শিক্ষা

(৩য় পৃঃ পর)

দালান নাই। ক্লাস হয় খোলা আকাশের নীচে। বেশিরভাগ স্কুলে জাতীয় পতাকা উত্তোলন করা হয় না। জাতীয় পতাকার প্রতি এক শ্রেণীর শিক্ষকের রহিয়াছে বরাবরই অনাগ্রহ। মাদ্রাসাগুলিতেও একই অবস্থা।

জেলার ৮টি থানায় সরকারী মাধ্যমিক বিদ্যালয় রহিয়াছে ৩টি, বেসরকারী মাধ্যমিক স্কুল ২৫০টি, সরকারী প্রাইমারী স্কুল ৭০২টি, বে-সরকারী প্রাইমারী স্কুল ৫৯০টি এবং মাদ্রাসা রহিয়াছে ২০২টি।